"মুজিববর্ষের আহবান
দক্ষ হয়ে বিদেশ যান"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, নিউ ইস্কাটন রোড, ঢাকা।
কর্মসংস্থান শাখা-০৩
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০৪৭.১১.০৯.২১-১৬৯

বিষয়: নিয়োগানুমতি প্রদান।

তারিখ: ১৩-০৯-২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সি মেসার্স মেটকো এন্টারপ্রাইজ (আর.এল-২৫০)-এর আবেদনের প্রেক্ষিতে পৃথক ০৩ (তিন)টি চাহিদাপত্রে সংযুক্ত আরব আমিরাতের দুবাইস্থ (1)Mac Electromechanical Engineering Contracting LLC (2) Tmax On Demand Labors Supply (3) World Security এর অধীনে বিভিন্ন পদে সর্বমোট ৬০৫ (ছয়শত পাঁচ) জন পুরুষ ও ৬৫ (পঁয়ষট্টি) জন মহিলা কর্মীসহ সর্বমোট ৬৭০ (ছয়শত সত্তর) জন কর্মীর নিয়োগানুমতি নিম্নলিখিত শর্তসাপেক্ষে নির্দেশক্রমে প্রদান করা হলো:

কোম্পানির নাম	পদের নাম	কর্মী সংখ্যা (পুরুষ এবং মহিলা)	মাসিক বেতন (AED)	অন্যান্য সুবিধাদি
Mac Electromechanical Engineering Contracting LLC	Plumbers (Male)	১০ (দশ) জন পুরুষ	১৪০০	বাসস্থান, যাতায়াত ও চিকিৎসা ফ্রি; বিমান ভাড়া- উভয়পথ কর্মী বহন করবে; কর্মঘন্টা- প্রতিদিন ৮ ঘন্টা; ছুটি-৩০ দিন বাৎসরিক; চুক্তির মেয়াদ-২ বছর; চাকুরির অন্যান্য শর্তাবলী সংযুক্ত আরব আমিরাতের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
	Pipe Fitter (Male)	১০ (দশ) জন পুরুষ	১৪০০	
	Electrician (Male)	১০ (দশ) জন পুরুষ	১৪০০	
	Air Conditioning Assistant (Male)	১০ (দশ) জন পুরুষ	১০০০	
	Electrician Assistant (Male)	৫ (পাঁচ) জন পুরুষ	১০০০	
Tmax on demand Labors Supply	Messengers	১৫০ (পাঁচশত পঞ্চাশ) জন পুরুষ	১০০০	আহার, বাসস্থান ও যাতায়াত ফ্রি; বিমান ভাড়া- এক পথ ফ্রি; কর্মঘন্টা- প্রতিদিন ৮ ঘন্টা; ছুটি-৩০ দিন বাৎসরিক; চুক্তির মেয়াদ-২ বছর; চাকুরির অন্যান্য শর্তাবলী সংযুক্ত আরব আমিরাতের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
	Cleaners	১০ (দশ) জন পুরুষ	১০০০	
	Female Cleaners	১৫ (পনের) জন মহিলা	১১০০	
World Security	ITV Drivers	১০০ (একশত) জন পুরুষ	১৯৫০	বাসস্থান, যাতায়াত ও চিকিৎসা ফ্রি; বিমান ভাড়া- চুক্তি শেষে বিমান ভাড়া কোম্পানীর; কর্মঘন্টা- প্রতিদিন ৮ ঘন্টা; ছুটি-৩০ দিন বাৎসরিক; চুক্তির মেয়াদ-২ বছর (নবায়নযোগ্য); চাকুরির অন্যান্য শর্তাবলী সংযুক্ত আরব আমিরাতের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।
	Cleaners (Male)	১০০ (একশত) জন পুরুষ	৯৫০	
	Cleaners (Female)	৫০ (পঞ্চাশ) জন মহিলা	১১০০	
	Security Guards	১০০ (একশত) জন পুরুষ	১৯২০	
	General Helper	১০০ (একশত) জন পুরুষ	৯০০	
	সর্বমোট= ৬৭০ এর মধ্যে ৬০৫ (ছয়শত পাঁচ) জন পুরুষ এবং ৬৫ (পয়ষট্টি) জন মহিলা			

চলমান পাতা-০২

শর্তাবলী ঃ

(ক) প্রতি ফ্লাইটে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীর একজন প্রতিনিধি কর্মীদের সাথে দুবাই যাবেন অথবা দুবাই বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার জন্য আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।

(খ) কোভিড-১৯ এর বিদ্যমান পরিস্থিতিতে নির্ধারিত সময়সীমা অনুসরন করে যথাযথ প্রক্রিয়ায় কর্মীদের কোভিড টেষ্ট নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য বিধি সংক্রান্ত আনুষাঙ্গিক নিয়ম কানুন প্রতিপালন করতে হবে।

(গ) প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সংযুক্ত আরব আমিরাত পৌছার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সী অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং দুবাই বাংলাদেশ কনস্যুলেট জেনারেল এ প্রতিবেদন দাখিল করবে।

(ঘ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে।

(ঙ) কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে।

(চ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদা পত্র/ক্ষমতাপত্র ও অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্রের সত্যতা/সঠিকতা যাচাইপূর্বক ছাড়পত্র প্রদান করবে।

(ছ) কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সী কর্তৃক অভিবাসন ব্যয় ৭৯,২০০/-(উনআশি হাজার দুইশত) টাকা কর্মীর নিকট হতে চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করা যাবে এবং কোনক্রমেই অতিরিক্ত অর্থ গ্রহণ করা যাবে না।

(জ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবে এবং প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে এবং কোন ধরণের অনাকাংক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সীকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে।

(ঝ) চাকরির শর্তাবলী সংযুক্ত আরব আমিরাতের এর শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে।

(ঞ) ভিসা ডেলিগেশন সংক্রান্ত হালনাগাদ তথ্য যাচাই করতে হবে।

(ট) বিমান ভাড়াসহ অন্য কোন ফি প্রযুক্ত না হলে তা কর্মীর উপর প্রযোজ্য হবে না।

(ঠ) এ নিয়োগ সম্পন্ন করে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

(ড) দক্ষতা ভিত্তিক কর্মী প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট দক্ষতার বিষয়টি নিশ্চিত হয়ে Smart Card ইস্যু করতে হবে।

(ঢ) ১ জুলাই ২০১৭ হতে ডাটাবেজ কার্যকর হওয়ায় ডাটাবেইজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন।

(ণ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, দুবাই, সংযুক্ত আরব আমিরাত এবং বিএমইটিতে দাখিল করতে হবে।

(ত) অনুমোদিত কর্মীগণ নির্ধারিত কর্মস্থলে যথাযথভাবে কর্মে নিয়োজিত হয়েছে কিনা তা বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, দুবাই, সংযুক্ত আরব আমিরাত-কে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রতিবেদন দিতে হবে।

(গাজী মো: শাহেদ আনোয়ার)
উপসচিব
ফোনঃ ৪১০৩০২৪৬
sasemployment3@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২, কাকরাইল, ঢাকা।

তারিখ: ১৩-০৯-২০২১ খ্রি:

নং-৪৯.০০.০০০০.০৪৭.১১.০৯.২১-১৬৯

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

০১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৩। কাউন্সেলর (শ্রম), কনস্যুলেট জেনারেল অব বাংলাদেশ, দুবাই, সংযুক্ত আরব আমিরাত।
০৪। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৫। প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৬। স্বত্বাধিকারী, মেটকো এন্টারপ্রাইজ, প্লট-৩, রব ভবন (২য় তলা), গুলশান সার্কেল-২, ঢাকা-১২১২।
০৭। অফিস কপি।

১৩.০৯.২০২১

(গাজী মো: শাহেদ আনোয়ার)
উপসচিব